



পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।



বিজ্ঞপ্তি নং- ২৭৩১

তারিখ : ০৯/০৩/২০২২খ্রি.

উপবৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জনানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন উপবৃত্তি কর্মসূচীর আওতায় দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিয়মিত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক যথাযথভাবে প্রৱণ ও স্বাক্ষর প্রদান পূর্বক চাহিত কাগজপত্রসহ আগামী ১৫/০৩/২০২২খ্রি, তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কলেজ অফিসে রাখিত বক্সে জমা দেওয়ার জন্য বলা হলো।

আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

১. আবেদনকারী শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদের ফটোকপি ১ কপি।
২. এসএসসি পাশের প্রতিবেশপত্র, রেজিঃকার্ড, প্রশংসাপত্র এবং অনলাইন মার্কসীটের ফটোকপি ১ কপি করে।
৩. শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল মাত্র পিতা-মাতার অনুপস্থিতে (মৃত হলে) অন্য কোন ব্যক্তিকে (নিজ ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী) অভিভাবক হিসেবে নির্বাচন করা যাবে।
৪. শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্র অথবা পিতা ও মাতা উভয়ে স্ফূর্ত হলে বৈধ অভিভাবক (নিজ ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী) এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৫. আবেদনকারী মুক্তিযোদ্ধার নাতি-নাতনি হলে মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমাত্তার প্রদত্ত সম্পর্কের প্রত্যয়নপত্র।
৬. শিক্ষার্থী শারীরিক প্রতিবেদন পত্র অথবা প্রতিবেদন পত্র অথবা প্রতিবেদন পত্র এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমাত্তার প্রদত্ত সম্পর্কের প্রত্যয়নপত্র।
৭. আবেদনকারীর অভিভাবক ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতা/বিধবা ভাতা/স্বামী পরিত্যক্ত ভাতা পেয়ে থাকলে তার প্রমাণ স্বরূপ উক্ত কার্ডের ফটোকপি।
৮. শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে যে কোন বৈধ/সচল অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে।
৯. অনলাইন/এজেন্ট ব্যাংকের ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
১০. শিক্ষার্থী পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয় পত্র (এনআইডি) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম উল্লেখ/এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয় পত্র (এনআইডি) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম উল্লেখ/এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক (নিজ ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী) নির্বাচিত করলে অভিভাবকের জাতীয় পরিচয় পত্র (এনআইডি) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে অভিভাবকের নাম উল্লেখ/এন্ট্রি করতে হবে।
১১. স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসেবে তার নাম উল্লেখ/এন্ট্রি করতে হবে।
১২. শিক্ষার্থীকে উপবৃত্তি আবেদন ফরমে উল্লেখিত নিজ/অভিভাবকের নামে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/স্কুল ব্যাংকিং এর ব্যাংক স্টেটমেন্ট জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

- (ক) শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির জন্য আবেদন করতে পারবে না।
- (খ) শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস থেকে উপবৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে এই উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- (গ) আবেদন ফরমের প্রতি পাতার নিচে ইউনিয়নের বাসিন্দাদের ক্ষেত্রে নিজ এলাকার ওয়ার্ড মেধার ও চেয়ারম্যান এর সীল সহ স্বাক্ষর থাকতে হবে এবং পৌর এলাকার বাসিন্দাদের ক্ষেত্রে নিজ ওয়ার্ডের কমিশনার ও পৌর মেয়রের সীল সহ স্বাক্ষর থাকতে হবে।
- (ঘ) অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদন কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) উপবৃত্তির আবেদন ফরম কলেজ ওয়েবে সাইট ও উপজেলা গেইটের ফটোকপির দোকান সমূহে পাওয়া যাবে।

উপবৃত্তির জন্য কলেজ কর্তৃক শিক্ষার্থী নির্বাচনে সাক্ষাত্কারের সময়সূচি:

তারিখ	বার	বিভাগ	সকাল ৯.০০টা হতে ১২.০০ টা পর্যন্ত।	দুপুর ১২.৩০ মিনিট হতে ৩.০০ টা পর্যন্ত	স্থান
১৬/০৩/২০২২খ্রি.	বৃহস্পতি	বিজ্ঞান	ছাত্রী	ছাত্র	বিজ্ঞান ভবনের তৃতীয় তলা।
		ব্যবসায় শিক্ষা	ছাত্রী	ছাত্র	
১৮/০৩/২০২২খ্রি.	শুক্রবার	মানবিক	ছাত্রী	ছাত্র	

প্রতিশ্রুতি

১৫/০৩/২০২২
(প্রয়েসর মোঃ আব্দুল জালিল-৫৯২৬)

অধ্যক্ষ

পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩১/০৩/২০২২

দরিদ্র তহবিল, বৃত্তি ও অনুদান কমিটি :

পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।